

95(A)

UG-III/Bengali-V(H)/20

2020
BENGALI
[HONOURS]
Paper : V

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৫ = ৫$
- ক) দুটি বিখ্যাত বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।
খ) দ্বজন বিশিষ্ট বাঙালী একাঙ্ক নাট্যকারের নাম লেখো।
গ) বেলগাছিয়া নাট্যশালার প্রাণপুরুষ কারা?
ঘ) সাতুবাবু কে ছিলেন?
ঙ) 'নূরজাহান' নাটক কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়েছিল?
চ) সুধা, শেষে কি বলেছিল?
ছ) 'মানুষ' আশ্চর্যতম প্রাণী'— কে বলেছেন?
জ) অমলের পিসেমশাই কে?

[পরের পাতায়]

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) অ্যাবসার্ড নাটক কাকে বলে?
খ) প্রহসনের সংজ্ঞা ও উদাহরণ দাও।
গ) নবীন বসুর থিয়েটারে কবে প্রথম কি নাটক অভিনীত হয়?
ঘ) দুটি তুমুল মঞ্চসফল সামাজিক নাটক ও নাট্যকারের নাম লেখ।
ঙ) 'ম্যাট্রিকুলেশন সার্টিফিকেটের হিসেবে পঁয়ত্রিশ'— কোন প্রসঙ্গে কে একথা বলেছে?
চ) বাইরের হাওয়া রোদকে কবিরাজ কেন ক্ষতিকারক মনে করেন?
ছ) ঠাকুরদা ছদ্মবেশে কেন এসেছিলেন?
জ) নূরজাহান-এর অর্থ কি? তার পূর্বনাম কি?
ঝ) 'নূরজাহান' নাটকে কটি অঙ্ক ও মোট কয়টি দৃশ্য?
ঞ) দইওয়ালার গ্রামটি কোথায় অবস্থিত?
ট) খসরু ও শারিয়ানের পরিচয় দাও।
ঠ) ন্যাশনাল থিয়েটারের প্রথম অভিনয়ের সঙ্গে যুক্ত চারজন অভিনেতার নাম লেখো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$
- ক) পৌরাণিক নাটকের বৈশিষ্ট্যগুলি লেখো। একটি বাংলা সার্থক পৌরাণিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।
খ) কমেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।

95(A)

[2]

- গ) বাংলা থিয়েটারের ইতিহাসে লেবেডফের অবদান সম্পর্কে আলোচনা করো।
- ঘ) 'ডাকঘর' নাটকে প্রকৃতির কি পরিচয় পাওয়া যায়?
- ঙ) অমল ও ছেলের দলের মধ্যে সম্পর্কটি বিশ্লেষণ করো।
- চ) 'নূরজাহান' নাটকে লায়লা কেন গুরুত্বপূর্ণ?
- ছ) 'বিয়ে করবি নে কেন— সে প্রশ্নটার উত্তর দিতে পারিস?'— কে, কাকে বলেছেন? উত্তরটা কি পান তিনি?

২+৮

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

- ক) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি লেখো। মেলোড্রামা ও ট্রাজেডির পার্থক্যগুলি উদাহরণসহ বিশ্লেষণ করো।
- খ) 'নাট্য নিয়ন্ত্রণ বিল' কি? কোন্ ঐতিহাসিক ঘটনার প্রেক্ষিতে ইংরেজরা বিলটি প্রণয়ন করে? $৫+১০$
- গ) 'পিসেমশাই, আমাকে পণ্ডিত হতে বলো না'— এই উক্তির আলোকে 'ডাকঘর' নাটকের কেন্দ্রীয় চরিত্রটিকে বিশ্লেষণ করো।
- ঘ) 'নূরজাহান' নাটক ঐতিহাসিক না ট্রাজেডি?
- ঙ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ব্যবহৃত কবিতাংশগুলির তাৎপর্য বিশ্লেষণ করো।